স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট
**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৫ই জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭২ ইং 19th May 1965 { ১ম সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62354.07.87

**খাস জনতা**

কেরোসিন কুকার

প্রস্তুতকারক ঃ
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

দাঁত তোলানোর ও বাঁধানোর
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ডেন্টাল ক্লিনিক**

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামানিক, ডেন্টাল সার্জ্জেন
পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

৫ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭২ সাল।

# জঙ্গিপুর সংবাদের দ্বি-পঞ্চাশত্তম বর্ষ-প্রবেশ

—০—

ভগবানের করুণায়, গুরুজনগণের আশীর্ব্বাদ ও শুভেচ্ছায়, গ্রাহক, পাঠক, হিতাকাঙ্ক্ষী ও বিজ্ঞাপনদাতৃগণের আনুকূল্যে জঙ্গিপুর সংবাদ এক-পঞ্চাশত্তম (৫১শ) বর্ষ অতিক্রম করিয়া দ্বি-পঞ্চাশত্তম (৫২শ) বর্ষে পদার্পণ করিল। এই নব বর্ষ-প্রবেশে আমরা ভগবচ্চরণে ও গুরুজন পদে প্রণতি জানাইয়া সকলের নিকট সসম্মান কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

আমরা কেবলমাত্র উদরান্নের সংস্থান করিবার জন্য সাপ্তাহিক "জঙ্গিপুর সংবাদ" প্রকাশ করি। আমাদের এই ক্ষীণকায় সাপ্তাহিকখানির এমন গ্রাহক ও বিজ্ঞাপনদাতা আছেন, যাঁহারা অদ্যাবধি এই সাপ্তাহিককে তাঁহাদের অনুকম্পা হইতে বঞ্চিত করেন নাই। তাঁহাদের অনুগ্রহেই সুদীর্ঘ বাহান্ন বৎসরকাল এই ক্ষুদ্র সাপ্তাহিক বাঁচিয়া আছে। বাংলা ১৩২১ সালের ৬ই জ্যৈষ্ঠ বুধবার এই কাগজখানি প্রথম বাহির হয়।

## শ্রীশ্রীলক্ষ্মীনারায়ণ পূজা

রঘুনাথগঞ্জের অনতিদূরে নিস্তা গ্রামে শ্রীযতীন্দ্রনাথ মণ্ডল মহাশয়ের উদ্যোগে নিজ ব্যয়ে নির্ম্মিত পাকা মন্দিরে গত ৩১শে বৈশাখ শ্রীশ্রী৺লক্ষ্মীনারায়ণ দেবের প্রতিমা পূজা সমারোহের সহিত সুসম্পন্ন হইয়াছে। গ্রামবাসীগণকে ও সমাগত দেবদর্শনার্থীদের প্রসাদ বিতরণ করা হয়। পূজা উপলক্ষে বহুলোকের সমাগম হইয়াছিল।

## শ্রীশ্রীগন্ধেশ্বরী পূজা

রঘুনাথগঞ্জের বণিক-সম্প্রদায়ের উদ্যোগে তিনখানি প্রতিমা নির্ম্মাণ করিয়া পৃথকভাবে শ্রীশ্রী৺রী গন্ধেশ্বরী দেবীর পূজার্চ্চনা হইয়াছে। বাজারপাড়ার প্রতিমার সম্মুখে এক রাত্রি যাত্রাগান হইয়াছিল।

## তুলসীবিহার মেলা

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় জঙ্গিপুরের শ্রীশ্রী৺বৃন্দাবনবিহারী দেবঠাকুর, অন্যান্য বিগ্রহাদি ও বালিঘাটার শ্রীশ্রী৺শ্যামরায় দেবঠাকুরের আগমন উপলক্ষে রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীতে চারি দিবস-ব্যাপী এই মেলা অনুষ্ঠিত হইয়াছে। মেলায় কাটা-পোষাক, মনোহারী, মিষ্টান্ন, শঙ্খের দোকান, চায়ের দোকান ও নানাবিধ তেলেভাজা খাবারের দোকান বসিয়াছিল। প্রতিদিনই মেলায় বহু নরনারী ও শিশুর সমাগম হইয়াছিল।

পশ্চিমবঙ্গ আম, অন্যান্য গ্রীষ্মকালীন

## ফল ও সব্জী প্রদর্শনী

গত বৎসরের ন্যায় এবারও রাজ্য আম, গ্রীষ্মকালীন অন্যান্য ফল ও সব্জী প্রদর্শনী আগামী ৫ই ও ৬ই জুন ১৯৬৫ কলিকাতা আলিপুর রয়েল এগ্রিহর্টিকালচার সোসাইটির বাগানে অনুষ্ঠিত হইবে। এই প্রদর্শনীতে উৎকৃষ্ট আম অন্যান্য ফল ও সব্জীর জন্য প্রচুর পুরস্কারের ব্যবস্থা আছে। গৃহী গৃহিণীদিগের প্রস্তুত সংরক্ষিত ফল ও সব্জী যেমন আচার, চাটনী, জ্যাম, জেলি, আমসত্ব, আমচুর, স্কোয়াশ ইত্যাদিরও প্রদর্শনীর এবং পুরস্কারের ব্যবস্থা আছে। সমস্ত বিভাগে শতাধিক পুরস্কার দেওয়া হইবে। ৫ই জুন সকাল ৭টা হইতে ১২টার ভিতর প্রদর্শনীর জন্য দ্রব্যাদি প্রদর্শনী ক্ষেত্রে জমা দিতে হইবে। ৬ই জুন বৈকালে পুরস্কার বিতরণ করা হইবে। ব্লকের বিভিন্ন জেলা কৃষি আধিকারিক, জেলা প্রচার আধিকারিক ও মহকুমা প্রচার আধিকারিকের নিকট বিস্তারিত বিবরণ পাওয়া যাইবে। [ মুর্শিদাবাদ জেলা প্রচার আধিকারিক দ্বারা প্রচারিত।

## সুইমিং এসোসিয়েশন

মুর্শিদাবাদ জেলা সুইমিং এসোসিয়েশনের ১৯৬৫-৬৬ সালের জন্য নিম্নোক্ত ভদ্রমহোদয়গণকে লইয়া কার্য্যনির্বাহক সমিতি গঠিত হইয়াছে।

সভাপতি—শ্রীবিশ্বরূপ মুখোপাধ্যায়, জেলা সমাহর্তা। সহ-সভাপতি—সর্বশ্রী পরিমল বসু, জেলা আরক্ষাধ্যক্ষ, ডাঃ রবীন্দ্র রায় চৌধুরী, মুখ্য স্বাস্থ্যাধিকারিক, অধ্যক্ষ পরেশ ঘোষ, সামসুদ্দিন আমেদ এম-এল-এ। যুগ্ম-সম্পাদক—সর্বশ্রী সুধীর সান্যাল, অজয়েন্দ্র ঘোষ হাজরা। সহ-সম্পাদক শ্রীপ্রভাস বসু। কোষাধ্যক্ষ—শ্রীশৈলেন্দ্র অধিকারী।

## ছাত্রের কৃতিত্ব

নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রম সারা ভারতের ডিগ্রী ক্লাশে পাঠরত ছাত্রদের মধ্যে স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উপলক্ষে ইংরাজী ভাষায় যে প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করেছিলেন তাতে বহরমপুর কৃষ্ণনাথ কলেজের ছাত্র শ্রীমান্ সুব্রত সরকার তৃতীয় স্থান অধিকার কোরেছেন। প্রবন্ধের বিষয় ছিল "স্বামী বিবেকানন্দ এবং তাঁহার বাণী।" শ্রীমান্ সরকার এ বছর বি-এসসি পরীক্ষা দিয়েছেন।

—'জনমত'

## চোরের মৃত্যু

গত ১৭ই মে সোমবার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত সাহাজাদপুর গ্রামে চুরি করিতে গিয়া জনৈক চোর মালসহ ধরা পড়ে। সমবেত জনতা উক্ত চোরকে প্রহার করে। প্রহারের ফলে সে অজ্ঞান হয়। জঙ্গিপুর হাসপাতালে নিয়ে আসার কিছুক্ষণ মধ্যেই তাহার প্রাণবায়ু বহির্গত হয়। একেই বলে—'চোরের মার'

## দিকে দিকে অগ্নিকাণ্ড

কিছুদিন পূর্ব্বে সেখালিপুর গ্রামে ঠিক দ্বিপ্রহরে আগুন লাগিয়া আন্দাজ পঁচিশটী গৃহস্থ সর্ব্বস্বান্ত হইয়াছে।

তেঘরী গ্রামের সন্নিকটে ফকিরপাড়ায় আগুন লাগার ফলে প্রায় ৮০/৯০টী পরিবার গৃহহারা হইয়া হা হুতাশ করিতেছে।

## বহরমপুরে প্রবীণ আইনজীবীর সম্বর্দ্ধনা

—০—

গত ১৬ই মে রবিবার বহরমপুর বার-এসোসিয়েশনের সভ্যগণ উক্ত এসোসিয়েশনের সভাপতি প্রবীণ আইনজীবী শ্রীঅম্বিকাচরণ রায় মহাশয়ের কার্য্যকাল ষাট বৎসর পূর্ণ হওয়ায় যোগেন্দ্র-মিলনী হলে এক সম্বর্দ্ধনা সভার আয়োজন করেন। বহরমপুরের প্রবীণ আইনজীবী শ্রীকালী-কুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় ও কলিকাতা হাই-কোর্টের বিচারপতি শ্রীপ্রশান্তকুমার মুখার্জ্জী মহাশয় যথাক্রমে সভাপতি ও প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন। বহরমপুর উকিল সভার পক্ষ হইতে অম্বিকা বাবুকে অভিনন্দন-পত্র দেওয়া হয়। জঙ্গিপুর উকিল সভার পক্ষ হইতে তাঁহাকে লিখিত অভিনন্দন প্রদান করা হয়। যোগেন্দ্র মিলনীর পক্ষ হইতে সম্পাদক মহাশয় অম্বিকা বাবুকে মাল্য-দান করেন। প্রধান অতিথি মহাশয় সুচিন্তিত ও তথ্যপূর্ণ ভাষণ দান করিয়া সকলকে মুগ্ধ করেন।

আমরা ভগবৎ সমীপে অম্বিকা বাবুর অটুট স্বাস্থ্যসহ দীর্ঘ-জীবন কামনা করি।

---

## নতুন নতুন ব্যবসা

### স্কুল চক তৈরী

—•—

অল্প পুঁজিতে এবং অল্প জায়গার মধ্যে কাজ করার পক্ষে স্কুলের বোর্ডে লেখবার চক্ তৈরী করার ব্যবসা খুবই উপযোগী। স্কুলে এবং কলেজে সর্বত্র এই বোর্ডে লেখবার চক ব্যবহার করা হয় এবং এই জিনিসের খুবই চাহিদা আছে। সাদা চক্ ছাড়াও রঙিন চক্ও বহু ক্ষেত্রে ব্যবহার করা হয় এবং এই জন্যে সাদা রংয়ের মাল-মশলার সঙ্গে রং ব্যবহার ছাড়া বাড়তি কিছুই খরচ লাগে না; অথচ রঙিন চক্ সাদা চকের চাইতে বেশী দামে বিক্রী করা যায়। এই চক্ করবার মালমশলার বিষয়ে যে কোন ম্যানুফ্যাকচারিং কেমিষ্ট-এর সাহায্য নেওয়া দরকার কিংবা হাতে কলমে কাজ করা কোন লোকের সাহায্য নেওয়া যেতে পারে। চকের ছাঁচের জন্যে মোল্ড দরকার। এই মোল্ড-গুলিতে ১২টা বা ২৪টা লম্বা ষ্টিক একসঙ্গে হয়ে থাকে। মোল্ডগুলি এ্যালুমিনিয়ম, পিতল বা লোহার তৈরী হয়। মোল্ডগুলির দাম ছিদ্র সংখ্যা এবং জিনিস হিসাবে ১০০ — ৩০০ টাকার মধ্যে পড়ে। বোর্ডে লেখার চকের জন্য ১০০।২০০।৫০০ ছিদ্রের মোল্ডও পাওয়া যায়। দাম ৩০০৲ টাকা থেকে ৫০০৲ টাকার মধ্যে। এগুলি সহজে ব্যবহার করা যায়। বাড়ীর ছেলেমেয়েদের নিয়ে ঘরে বসে এই কাজ হতে পারে। ষ্টিকগুলি মোল্ড থেকে বার করে কাঁচা অবস্থায় নরম থাকার দরুন রোদ্দুরে শুকিয়ে নিতে হয় এবং বর্ষাকালে আগুনে সেকবার ব্যবস্থা করাই যুক্তিসঙ্গত। মোল্ডের দাম ছাড়া আরও ২০০ টাকা পুঁজি নিয়ে এই ব্যবসা করা যেতে পারে। ষ্টিকগুলি গ্রোস হিসাবে কার্ডবোর্ড বাক্সে ভরে নিজেদের নামের লেবেল এঁটে বাজারে বা স্কুল-কলেজে বিক্রী করা যেতে পারে।

---

## ধুলিয়ান ও অরঙ্গাবাদে এনফোর্সমেন্ট পুলিশের তল্লাসী

—০—

মুর্শিদাবাদ জেলা এনফোর্সমেন্ট পুলিশের ইন্সপেক্টর শ্রীসরোজ চক্রবর্ত্তী ও সব-ইন্সপেক্টর শ্রীসুরেশ সাহা জঙ্গিপুর মহকুমার ধুলিয়ান বাজারের ব্যবসায়ী শ্রীযতীন্দ্রনাথ সরকারের দোকানে গিয়ে ষ্টক রেজিষ্টার নিয়ে দেখেন ৩১ টিন সরিষার তৈল ঐ বই এ জমা আছে। গুদাম তল্লাসী করে পেলেন—১৬ কে. জি. সরষের তেলের টিন ৫৯টী, ৪ কে, জি, সরষের তেলের টিন ৬৩টী, ২ কে. জি. সরষের তেলের টিন ১৬টী, তিসির তেল ১২ টিন, নারিকেল তেল ১৬ টিন। দোকানদারকে গ্রেপ্তার করা হয়। পরে জামিনে খালাস পান।

অরঙ্গাবাদে শ্রীবলরামচন্দ্র ও কিশোরীমোহন দাসের ঘরে গিয়ে ষ্টক রেজিষ্টার পান নাই। গুদাম তল্লাসী করে ৫৪ টিন সরষের তেল, ৪ টিন বাদাম তেল ও ১৮ টিন তিল তেল পান। সব মাল সিজ করা হয়। দোকানদারকে গ্রেপ্তার করা হয়। পরে জামিনে খালাস পান।

---

## মুর্শিদাবাদ ইনষ্টিটিউট্ অব টেকনোলজি

কাশিমবাজার রাজ পোঃ,

বহরমপুর, পশ্চিমবঙ্গ

## ভর্ত্তির দরখাস্ত—১৯৬৫-৬৬

১৯৬৫-৬৬ সালের মেকানিক্যাল, ইলেক্‌ট্রিক্যাল ও সিভিল ইঞ্জিনীয়ারিংএ (এল. এম. ই., এল. ই. ই., ও এল. সি. ই.) তিন বৎসরের ডিপ্লোমা পাঠক্রমে ভর্ত্তির জন্য নির্দ্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

প্রিন্সিপ্যালের অফিস হইতে যে কোন কার্য্যের দিন বেলা ১০-৩০ মিনিট হইতে ৩টা পর্য্যন্ত নগদ ·৫০ নঃ পঃ প্রদানে অথবা নিজস্ব ঠিকানা সম্বলিত ·৩৫ নঃ পঃ ডাক টিকিট সহ ৯″ × ৮″ মাপের খামের সহিত ·৫০ নঃ পঃ পোষ্টাল অর্ডার বা মনিঅর্ডার-যোগে পাঠাইলেও দরখাস্তের ফরমের সহিত প্রস্পেক্টাস পাওয়া যাইবে।

দরখাস্ত ফরম যথাযথ পূরণপূর্ব্বক প্রিন্সিপ্যাল এম. আই. টি. বহরমপুরকে প্রাপক করিয়া দুই টাকা মূল্যের ক্রসড পোষ্টাল অর্ডার সহযোগে ৩রা জুন, ১৯৬৫ তারিখের মধ্যে প্রিন্সিপ্যালের অফিসে অবশ্যই পৌছান চাই।

১লা জানুয়ারী ১৯৬৫ তারিখে বয়স অবশ্যই ১৫ বৎসরের নিম্নে এবং ২০ বৎসরের উর্দ্ধে না হয়। (তপশিলী সম্প্রদায়ভুক্ত প্রার্থীর ক্ষেত্রে এক বৎসর শিথিলযোগ্য)

লিখিত ভর্ত্তিপরীক্ষা এবং নির্ব্বাচক মণ্ডলীর কাছে সাক্ষাৎকারের ফলাফলের উপর নির্ভর করিয়া তিন বৎসরের ডিপ্লোমা পাঠক্রমের প্রথম বার্ষিক শ্রেণীতে ভর্ত্তি করা হইবে—যে পরীক্ষা, অনুমোদিত কোন বিদ্যায়তন হইতে স্কুল ফাইনাল অথবা সমতুল কোন পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর জন্য উন্মুক্ত। যে প্রার্থী গত স্কুল ফাইনাল অথবা কোন সমতুল পরীক্ষায় বসিয়াছে এবং উত্তীর্ণ হইবার সম্ভাবনা রাখে, সেও নির্দ্ধারিত তারিখে দরখাস্ত করিতে পারে। পরীক্ষার ফলাফল বাহির হইবার ১০ দিনের মধ্যে মার্কসিটের নকল অবশ্যই পাঠাইতে হইবে।

ভর্ত্তির পরীক্ষা ১৯৬৫ সালের জুন মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে অনুষ্ঠিত হইবে।

হষ্টেলে অল্পসংখ্যক সিট পাওয়া যাইতে পারে।

পি, সি, ঘোষ, প্রিন্সিপ্যাল।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি. কে. সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও
সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## চ্যবনপ্রাশ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।


---


**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত. পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।